

তারিখ : 1.0 JUN 2012
 পৃষ্ঠা : 6

সিলেটে উপজেলা পর্যায়ে প্রথম বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন
উচ্চ শিক্ষার নামে বাণিজ্য
করা যাবে না : শিক্ষামন্ত্রী

সিলেট অফিস : শিক্ষামন্ত্রী নরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার বেসরকারি বিনিয়োগ প্রয়োজন। তবে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নামে মুনাফা আর সার্টিফিকেট বিক্রয় করা যাবে না। কেউ এমনটি করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেবে সরকার। শিক্ষা নিয়ে বাণিজ্য করা যাবে না।

গতকাল শনিবার সকালে সিলেট নগরীর মেসিডিয়াস জালালাবাদ গ্যাস ভবন মিলনায়তনে উপজেলা পর্যায়ে দেশের প্রথম বিশ্ববিদ্যালয় 'নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয়'র উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। পরে মন্ত্রী নগরীর পৌরঘাটে চলক উন্মোচন ও ফিতা কেটে বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আরও বলেন, বাংলাদেশের কোনো উপজেলা পর্যায়ে এটি প্রথম বিশ্ববিদ্যালয়। এর মাধ্যমে উচ্চশিক্ষার নতুন অধ্যায় সূচিত হলো। উপজেলা পর্যায়ে বিশ্ববিদ্যালয় স্থাপন তার স্বপ্ন ছিলও যত্নে উল্লেখ করেন শিক্ষামন্ত্রী।

শিক্ষামন্ত্রী বলেন, এই সরকার বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মান উন্নয়নের লক্ষ্যে ২০১০ সালে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন প্রণয়ন করে। উচ্চশিক্ষার মান বৃদ্ধির জন্য তাদেরকে নির্ধারিত শর্ত পূরণের জন্য নির্দেশ দেয়া হয়। এখন পর্যন্ত ৫০টি বেসরকারি বিশ্ববিদ্যালয় সেই শর্ত পূরণ করেছে। এর মাধ্যমে দেশে উচ্চশিক্ষার একটি বড় ক্ষেত্র উঠে আসছে।

দেশে এর আগে উচ্চশিক্ষার ক্ষেত্রে গবেষণার কোনো উদ্যোগ ছিল না জানিয়ে মন্ত্রী বলেন, ওয়ার্ল্ড ব্যাংকের সহযোগিতায় এখন গবেষণার জন্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে অর্থ দেয়া হচ্ছে। এ লক্ষ্যে তদুন্নয়ন গবেষণা কাজের জন্য ১০৬টি প্রকল্পকে টাকা বরাদ্দ দেয়া হচ্ছে।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা ক্ষেত্রে কোনো দলীয় দুরিভঙ্গি নেই। বিশ্ববিদ্যালয় হচ্ছে জ্ঞান চর্চা ও নতুন জ্ঞান অর্জনের স্থান। উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান থেকে নতুন প্রজন্মের শিক্ষার্থীরা বিশ্বমানের শিক্ষা অর্জন করবেন। সে জন্য তার কারিকুলাম, শিক্ষকদের দক্ষতা বাড়াতে চায় সরকার। সেই লক্ষ্যেই সরকার কাজ করে আছে।

নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এডভোকেট ইকবাল আহমদ চৌধুরীর সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শাহাদাতুল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. সালেহ উদ্দিন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. শহিদ উল্লাহ তালুকদার, বঙ্গ কাউন্সিলের সদস্য এডভোকেট মিসবাহ উদ্দিন সিরাজ প্রমুখ।